

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

বিয়ঃ আগামী ০৫ আগস্ট ২০২২ তারিখে স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল ঐর ৭৩তম জন্মবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভার তারিখ : ০৩ আগস্ট ২০২২, বুধবার
সময় : বিকাল ৩:০০ ঘটিকায়
সভাপতি : জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী
সচিব, স্থানীয় সরকার বিভাগ।

০১। সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাঁর সহধর্মিণী বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব ও তাঁর জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল ঐর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে প্রস্তাবিত কর্মসূচির ওপর আলোচনার সূত্রপাত করতে পারেন। তিনি সকলকে অবহিত করেন যে প্রতি বছর ০৫ আগস্ট তারিখকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল ঐর জন্মবার্ষিকী উদযাপনের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ০৬ সেপ্টেম্বর ২০২০ তারিখের ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০১.২০.৪৮৫ সংখ্যক পরিপত্রের মাধ্যমে 'ক' শ্রেণিভুক্ত দিবস হিসেবে মর্যাদা প্রদান করা হয়। তদানুযায়ী আগামী ০৫ আগস্ট ২০২২ তারিখে বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল ঐর ৭৩তম জন্মবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় জাতীয়ভাবে দেশব্যাপী উদযাপন করা হবে। যুব ও ক্রীড়া মন্ত্রণালয় উক্ত দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করেছে। সে অনুযায়ী আগামী ০৫ আগস্ট ২০২২ তারিখ বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল ঐর ৭৩তম জন্মবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের কর্মসূচি চূড়ান্তকরণের লক্ষ্যে আজকের সভার আয়োজন করা হয়েছে। সভাপতির অনুমতিক্রমে স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) ড. মলয় চৌধুরী প্রস্তাবিত কর্মসূচি সভায় উপস্থাপন করেন।


০২। বিস্তারিত আলোচনার পর স্থানীয় সরকার বিভাগ, আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ আগামী ০৫ আগস্ট ২০২২ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল ঐর ৭৩তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	তারিখ ও সময়	কর্মসূচি	বাস্তবায়ন
১.	০৫-০৮-২০২২ সকাল ০৮.০০ টা	বনানীস্থ বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামালসহ পরিবারের সকল শহীদদের কবরে পুষ্পস্তবক অর্পণ	স্থানীয় সরকার বিভাগ এবং ঢাকাস্থ আওতাধীন দপ্তর/সংস্থা ও সিটি কর্পোরেশন;

ক্রমিক	তারিখ ও সময়	কর্মসূচি	বাস্তবায়ন
২.	০৫-০৮-২০২২ সুবিধাজনক সময়ে	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতায় জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক আয়োজিত 'শেখ কামাল জাতীয় ক্রীড়া পরিষদ পুরস্কার' প্রদান অনুষ্ঠান	আমন্ত্রিত অতিথিদের যোগদান
৩.	০৫-০৮-২০২২	স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা ও সিটি কর্পোরেশনসমূহ বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর জীবনী নিয়ে আলোচনা সভা ও স্মৃতিচারণ অনুষ্ঠান এবং দোয়ার আয়োজন করবে। স্থানীয় সরকার বিভাগের উদ্যোগে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের অডিটোরিয়ামে সকাল ১০.৩০ ঘটিকায় আলোচনা সভা ও স্মৃতিচারণ অনুষ্ঠান এবং দোয়া অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানের স্থানীয় সরকার বিভাগের সকল কর্মকর্তা এবং ঢাকাস্থ দপ্তর/সংস্থা/সিটি কর্পোরেশনের জ্যেষ্ঠ কর্মকর্তাগণ অংশগ্রহণ করবেন।	স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা ও সিটি কর্পোরেশন;
৪.	০৫-০৮-২০২২	স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও বিশেষ করে সিটি কর্পোরেশনসমূহ তাদের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান (যদি থাকে) বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর জীবনী নিয়ে আলোচনা সভা ও স্মৃতিচারণ অনুষ্ঠান এবং দোয়ার আয়োজন করবে ।	স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান;
৫.	০৫-০৮-২০২২ সুবিধাজনক সময়ে	স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত কর্মসূচিতে অংশগ্রহণ করবে অথবা দেশের সকল সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ যথাযথ মর্যাদায় আয়োজনে বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল-এর	স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা ও সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান;

ক্রমিক	তারিখ ও সময়	কর্মসূচি	বাস্তবায়ন
		৭৩তম জন্মবার্ষিকী পালনের জন্য জাতীয় কর্মসূচির সঙ্গে সামঞ্জস্য রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে বাস্তবায়ন করবে।	

সভাপতি আগামী ০৫ আগস্ট ২০২২ তারিখে স্বাধীনতার মহান স্মৃতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল ঐর ৭৩তম জন্মবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য সকলকে অনুরোধ করেন এবং গৃহীত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের জন্য সকলের প্রতি আহবান জানান। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি সভা সমাপ্ত করেন।



(মোহাম্মদ মেজবাহ উদ্দিন চৌধুরী)
সচিব
স্থানীয় সরকার বিভাগ

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০০৬. ২০২২- ৬৬৭

তারিখঃ


১৯ শ্রাবণ ১৪২৯
০৩ আগস্ট ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক(পমূপ), স্থানীয় সরকার বিভাগ।
- ৩। পরিচালক, বিভাগীয় কমিশনারের কার্যালয়, স্থানীয় সরকার (সকল)।
- ৪। যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
- ৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ৬। উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
- ৭। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয় (সকল)।
- ৮। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৯। সিনিয়র সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
- ১০। সহকারী সচিব(সকল)/হিসাবরক্ষণ কর্মকর্তা/সহকারী প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার বিভাগ।

দপ্তর/সংস্থা/সিটি কর্পোরেশন: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ২। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা/রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন।
- ৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ/ঢাকা উত্তর/চট্টগ্রাম/সিলেট সিটি কর্পোরেশন।
- ৫। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/খুলনা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/রাজশাহী ওয়াসা।
- ৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী/খুলনা/বরিশাল/নারায়নগঞ্জ/কুমিল্লা/গাজীপুর/রংপুর/ময়মনসিংহ সিটি কর্পোরেশন।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ঢাকা মশক নিবারনী দপ্তর, ঢাকা।



এ কে এম মিজানুর রহমান
উপসচিব

ফোন- ৫৫১০১১৮১

E-mail: lgadmin1@lgd.gov.bd